



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


নং-৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০৪.২২-১৬৮৬

তারিখ: ০৪ কার্তিক, ১৪২৯
২০ অক্টোবর, ২০২২

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন কিশোরগঞ্জ জেলার কিশোরগঞ্জ পৌরসভার মেয়র, জনাব মোঃ পারভেজ মিয়া-কে শারীরিক চেকআপ এবং যুক্তরাজ্যে অবস্থানরত আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যাত্রার তারিখ থেকে মোট ১৫ (পনেরো) দিন নিম্নোক্ত শর্তে (বহিঃবাংলাদেশ) যুক্তরাজ্যে গমনের অনুমতি প্রদান করা হল:

- (ক) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার এবং কিশোরগঞ্জ পৌরসভার কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (গ) তাঁর বিদেশ ভ্রমণকালীন প্যানেল মেয়র-১, কিশোরগঞ্জ পৌরসভা মেয়রের দায়িত্ব পালন করবেন;
- (ঘ) বিদেশে অবস্থানকালে কোন সভা/সমাবেশে অংশগ্রহণ করে রাষ্ট্রের জন্য হানিকর কোন বক্তব্য প্রদান করা যাবে না এবং
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে যথারীতি সরকারকে অবহিত করবেন।



২০/১০/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ০২৯৫১৪১৪২

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০৪.২২-১৬৮৬/১(১৫)

তারিখ: ০৪ কার্তিক, ১৪২৯
২০ অক্টোবর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. পরিচালক, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মেয়র/প্যানেল-১ মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ [মেয়রের ছুটিকালীন সময়ে প্যানেল মেয়র-১ কিশোরগঞ্জ পৌরসভার মেয়রের দায়িত্ব পালন করবেন]।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০. অফিস কপি


২০/১০/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব